মহেশপুরে গৃহবধুকে ধর্ষণের অভিযোগে, ভন্ড কবিরাজ গ্রেফতার

২ বছর আগে রাগ করে বাড়ী থেকে চলে যাওয়া স্বামীকে ফেরত আনার কথা বলে গৃহবধুকে ধর্ষণের অভিযোগে কুদ্দুস নামে এক ভন্ড কবিরাজকে গ্রেফতার করেছে পুলিশ।

শনিবার রাতে মহেশপুরের পৌর এলাকার বগা গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত কুদ্দুস কবিরাজ যশোর জেলার চৌগাছা থানার কোমরপুর গ্রামের মোহাম্মদ আলী বিশ্বাসের ছেলে।

স্থানীয়রা জানায়, কুদ্দুস কবিরাজ মহেশপুর উপজেলার বগা গ্রামে এসে কবিরাজী করত। সম্প্রতি বগা গ্রামের এক নারী ২ বছর আগে স্ত্রীর উপর রাগ করে বাড়ী থেকে চলে যাওয়া স্বামীকে ফেরত আনার কথা বলে। এরপর গত রাতে ছেড়ে যাওয়া স্বামীকে ফিরিয়ে দেওয়ার কথা বলে ওই নারীকে ধর্ষণ করে। সেসময় স্থানীয় জনতা তাকে ধরে পুলিশে খবর দেয়। পরে পুলিশ ওই কবিরাজকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়।

মহেশপুর থানার ওসি মোর্শেদ হোসেন খান জানান, এ ঘটনায় থানায় মামলা হয়েছে। ভিকটিম নারীকে ঝিনাইদহ সদর হাসপাতালে ডাক্তারী পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।

আরো পড়ুন-পদত্যাগ না করলে সরকারকে লাথি মেরে নামাতে হবে: ড. কামাল

ঝিনাইদহে আলমসাধুর ধাক্কায় শিশু নিহত

ঝিনাইদহের সদরে আলমসাধুর ধাক্কায় আছিয়াা খাতুন নামের এক শিশু নিহত হয়েছে। শনিবার দুপুরে উপজেলার লক্ষ্মীপুর নতুন বাড়ী এলাকায়

এ দুর্ঘটনাটি ঘটে।

নিহত আছিয়া সদর উপজেলার খাজুরা গ্রামের আছির উদ্দিনের মেয়ে। সে কালা-লক্ষীপুর গ্রামের নানা ইনছান আলীর বাড়ীতে থাকতো ।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মঈন উদ্দিন জানান, হাটগোপালপুর থেকে ইট বোঝাই একটি আলমসাধু ঝিনাইদহ শহরের দিকে আসছিল। এসময় আলমসাধুটি ওই এলাকার নতুন বাড়ীর সামনে শিশুটিকে সজোরে ধাক্কা দেয়। এতে সে রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হয়।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে এলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মেপ্র/আরপি

ঝিনাইদহে বিভিন্ন মামলায় ওয়ারেন্টভুক্ত আসামী গ্রেফতার

ঝিনাইদহ সদর থানার বিভিন্ন এলাকা থেকে ওয়ারেন্টভুক্তসহ ৪ আসামী গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার রাতভর অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি মঈন উদ্দিন জানান, পুলিশ সুপার মো: হাসানুজ্জামান এর নির্দেশে সদর থানা পুলিশ সদর উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালায়।

এসময় কোর্টপাড়া থেকে মুন্না হোসেন, পূর্ব তেতুল বাড়ীয়া থেকে মুক্তার হোসেন, নারায়নপুর থেকে মাজেদা খাতুন ও কোরাপাড়া থেকে মোরাদ আলীকে গ্রেফতার করা হয়।

তাদের বিরুদ্ধে বিভিন্ন মামলায় গ্রেফতারি পরোয়ানা ছিল। শনিবার দুপুরে তাদের আদালতে পাঠানো হয়েছে।

মেপ্র/আরপি

ভালোবাসা দিবসে দুই কোটি টাকার ফুল বিক্রির লক্ষ্য

সৌন্দর্য ও বিশুদ্ধতার প্রতীক ফুলের চাহিদা থাকে সবসময়। ফুলের প্রতি মানুষের ভালোবাসা চিরন্তন। সারা বছরই বিয়ে, জন্মদিন, প্রতিষ্ঠাবার্ষিকীসহ নানা অনুষ্ঠানে প্রয়োজন হয় ফুলের। পাশাপাশি রয়েছে একুশে ফেব্রুয়ারি ও ভালোবাসা দিবসের মতো জাতীয় ও আন্তর্জাতিক উৎসব।

তাই প্রতিবারের মতো এবারও বিশ্ব ভালোবাসা দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসকে সামনে রেখে অন্তত দুই কোটি টাকা ব্যবসার পরিকল্পনা করছেন ঝিনাইদহের ফুল চাষি ও ব্যবসায়ীরা। এখন ফুল নিয়ে ব্যস্ত সময় পার করছেন তারা।

ঝিনাইদহ জেলা কৃষি সম্প্রসারণ অধিদফতরের তথ্যমতে, চলতি মৌসুমে জেলায় ২০৪ হেক্টর জমিতে ফুল চাষ হয়েছে। এর মধ্যে সদর উপজেলায় ২৭, কালীগঞ্জে ৩০, কোটচাঁদপুরে ১৫ এবং মহেশপুরে ১৩৬ হেক্টর জমিতে গোলাপ, গাঁদা, রজনীগদ্ধা, গ্লাডিওলাস ও জারবেরাসহ দেশি-বিদেশি ফুলের চাষ হয়েছে। এখানের মাটি ও আবহাওয়া ফুল চাষের উপযোগী হওয়ায় কম খরচে দ্বিগুণ আয় হয়। এজন্য জেলায় দিন দিন বাড়ছে ফুল চাষ। বছরের অন্যান্য সময় ফুল চাষিদের আয় কিছুটা কম হলেও বিভিন্ন উৎসব ও দিবসে আয় হয় দ্বিগুণ।

কালীগঞ্জ উপজেলার ত্রিলোচনপুর এলাকার সারোয়ার বলেন, মালিকের ফুল বাগানে কাজ করি। আমাদের বাগানে তিন বিঘায় জারবেরা ফুল রয়েছে। এসব ১১ রঙের ফুল। এখন ফুল বিক্রি করছি ৭-৮ টাকা পিস। সামনে ভালোবাসা দিবস, একুশে ফেব্রুয়ারি। এজন্য ফুলের বাড়তি পরিচর্যা করছি। তখন প্রতি পিস ফুল বিক্রি হবে ১৫-২০ টাকা।

একই এলাকার ফুল চাষি মুকুল বলেন, আমার আড়াই বিঘা জমিতে রজনীগন্ধা ও গাঁদা ফুল আছে। বর্তমানে ফুলের পিস পাঁচ টাকায় বিক্রি করছি। তবে বিশ্ব ভালোবাসা দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে দিগুণ দামে ফুল বিক্রি হবে।

কোটচাঁদপুর এলাকার ফুল চাষি আয়ুব হোসেন বলেন, আমার দেড় বিঘা জমিতে গাঁদা ফুল আছে। এখন ওষুধ দিচ্ছি। এতে করে ফুলে পোকা লাগবে না, রঙ ভালো থাকবে, মানও ভালো হবে। তখন বেশি দামে ফুল বিক্রি করব।

ফুল চাষিরা জানান, এখন গোলাপ প্রতি পিস বিক্রি হয় পাঁচ টাকা। গাঁদা ফুলের মালা ১২০ টাকা। তবে ভালোবাসা দিবস ও একুশে ফেব্রুয়ারি উপলক্ষে গোলাপের পিস বিক্রি হবে ১৫-২০ টাকা। গাদা ফুলের মালা বিক্রি হবে ২৫০-৩০০ টাকা।

সদর উপজেলার গান্না বাজারের ফুল ব্যবসায়ী সমিতির সভাপতি দাউদ হোসেন বলেন, কয়েকদিন পরই ফুলের চাহিদা বাড়বে কয়েকগুণ। আমরাও সেভাবে প্রস্তুুতি নিচ্ছি। বিশেষ করে দুই দিবস ঘিরে দুই কোটি টাকার ফুল বিক্রি হবে। এতে চাষি এবং ব্যবসায়ী উভয়ে লাভবান হবেন। তবে ফেরিঘাটে যানজটের কারণে ঢাকা-চট্টগ্রাম ও কুমিল্লাসহ বিভিন্ন স্থানে সঠিক সময়ে ফুল পাঠাতে না পারায় অনেক লোকসান হয়।

ঝিনাইদহ জেলা কৃষি সম্প্রসারণ অধিদফতরের উপপরিচালক কৃপাংশু শেখর বিশ্বাস বলেন, ফুল পরিচর্যায় ব্যস্ত সময় পার করছেন চাষিরা। তাদের প্রয়োজনীয় পরামর্শ দেয়া হয়। পাশাপাশি নিয়মমতো ওষুধ দিতে বলা হয়েছে।

তিনি বলেন, এবার ফেরিঘাটে ফুলবাহী গাড়িগুলোকে আগেভাগে পারের জন্য জেলা প্রশাসন ও সংশ্লিষ্টদের সঙ্গে কথা হয়েছে। তাদের পক্ষ থেকে ইতিবাচক আশ্বাস পেয়েছি। সুন্দরভাবে যথাসময়ে দেশের বিভিন্ন প্রান্তরে পৌঁছে যাবে ফুল।

আরো পড়ুন-বাল্যবিয়ের অপরাধে বর ও কনের বাবার জেল-জরিমানা

দর্শনা পুলিশের মাদকবিরোধী অভিযানে ফেনসিডিল সহ ১ জন

গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা পুলিশের মাদকবিরোধী অভিযানে মো: আব্দুল আলিম সাগর (২০) কে ২০ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার জয়নগর (স্কুলপাড়া) পিতা মো: আজিজুল হকের ছেলে।

পুলিশ জানায় গতকাল বুধবার সকাল সাড়ে এগারো সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা তদন্ত কেন্দ্রের ইনচার্জ আই জি ব্যাচ প্রাপ্ত (ইন্সপেক্টর) শেখ মাহাবুবুর রহমান এর নেতৃত্বে, অফিসার এ এস আই মারুফ এবং সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা শ্যামপুর পাইপঘাট ইটের রাস্তার উপর হইতে ২০ বোতল ফেনসিডিল সহ মো: আব্দুল আলিম সাগর
(২০) কে আটক করা হয়।

গ্রেফতারকৃত আসামীর রিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদক মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/আরপি

মুজিব বর্ষ উপলক্ষে ঝিনাইদহে কাবাডি প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত

মুজিব বর্ষ উপলক্ষে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচির ২০১৯-২০ এর আওতায় ঝিনাইদহ জেলা ক্রীড়া অফিসের আয়োজনে কাবাডি প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার দুপুরে জেলার মহেশপুর উপজেলার ঘুঘরি পান্তাপাড়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ খেলা অনুষ্ঠিত হয়।

এ উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে ঘুঘরি পান্তাপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মুক্তিযোদ্ধা আব্দুল হক মাস্টার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহেশপুর উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত) সুজন সরকার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্রিড়াবিদ জয়নাল আবেদিন, জেলা চেম্বারস অব কমার্সের সহ-সভাপতি নাসিম উদ্দিন, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান, পান্তাপাড়া ইউপি চেয়ারম্যান মো: ইসমাইল হোসেন প্রমুখ।

পরে কাবাডি প্রতিযোগিতায় অংশ গ্রহণকারী বিজয়ী দলের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। প্রতিযোগিতায় মহেশপুর উপজেলার ৪টি দল অংশগ্রহণ করে।

মেপ্র/ আরপি

বাফুফে’র ভুলে পন্ড হয়ে গেল বঙ্গবন্ধু জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশীপের খেলা

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের দেওয়া ভুল ফিকশ্চারের কারণে ঝিনাইদহে পন্ড হয়ে গেছে বঙ্গবন্ধু জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশীপ’র তৃতীয় রাউন্ডের খেলা।

শনিবার বিকেলে ঝিনাইদহের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে খুলনা জেলা ফুটবল এসোসিয়েশন খোলোয়াড়রা মাঠে নামে। সময় গড়িয়ে গেলে ঝিনাইদহ জেলা ফুটবল এসোসিয়েশনের কোন খেলোয়াড় মাঠে আসেনি।

অপরদিকে খুলনা জেলা স্টেডিয়ামে বিকেল থেকে অপেক্ষা করে কোন খেলোয়াড় না থাকায় সেখান থেকে জেলায় ফিরতে হয় ঝিনাইদহ জেলা ফুটবল এসোসিয়েশনের খেলোয়াড়দের।

খুলনা দলের কাছে বাফুফের ফিকশ্চারে দেখা গেছে শনিবার ঝিনাইদহ

জেলা স্টেডিয়ামে ও ঝিনাইদহ দলের কাছে দেওয়া ফিকশ্চারে খুলনা জেলা স্টেডিয়ামে খেলা অনুষ্ঠিত হবে। যে কারণে খুলনা ফুটবল এসোসিয়েশন খোলোয়াড়রা ঝিনাইদহে ও ঝিনাইদহ জেলা ফুটবল এসোসিয়েশনের খেলোয়াড়রা খুলনায় অবস্থান করে।

এ বিষয়ে ঝিনাইদহ জেলা স্টেডিয়ামে উপস্থিত বাফুফের ম্যাচ কমিশনার তৈয়বুর রহমান বাবু কোন মন্তব্য করতে রাজি হয়নি।

মেপ্র/ আরপি

ঝিনাইদহ ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ ক্রিকেটে চ্যাম্পিয়ন হওয়ায় সংবর্ধনা প্রদান

ঝিনাইদহ ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ জাতীয় পর্যায়ে ক্রিকেটে চ্যাম্পিয়ন হওয়ায় সদর উপজেলা পরিষদের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।

শনিবার সকালে সদর উপজেলা অডিটরিয়ামে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, অধ্যক্ষ জয়া রাণী চন্দ, ইউপি চেয়ারম্যান এ্যাড আব্দুল মালেক, কৃষ্ণপদ দত্ত, আশরাফুল ইসলাম, কবির হোসেন জোয়ার্দ্দার কেবি, নাসির উদ্দিন মালিথা, নাজির উদ্দিন, খুরশিদ আলম, সৈয়দ নিজামুল গণি লিটু, ইসাহাক আলী জোয়ার্দ্দার প্রমুখ।

অনুষ্ঠান পরিচালনা করেন হরিশংকরপুর ইউপি চেয়ারম্যান আব্দুল্লাহ আল মাসুম। আলোচনা সভা শেষে ৪৯ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরী শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০১৯-২০ এ ক্রিকেটে জাতীয় চ্যাম্পিয়ন হওয়ায় ২১ জন খেলোয়াড়কে নগদ অর্থ ও

সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়।
পরে ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজের ক্রীড়া শিক্ষক সুরাইয়া পারভীন ও অধ্যক্ষ জয়া রাণী চন্দকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে আশ্রায়ন-২ প্রকল্পের ঘর পাচ্ছেন ফ্লাট বাড়ির স্বচ্ছল পরিবার

ঝিনাইদহের জমি আছে ঘর নাই এই প্রকল্পের আওতায় বাড়ি পেতে যাচ্ছেন হলিধানী ইউনিয়নে ফ্লাট বাড়ি ও মাঠে ৩বিঘার জমির মালিক হাবিবুর রহমানের পরিবার।

কোন প্রকল্পের, কার আবেদনে, কার সুপারিশে এই ঘর পাচ্ছেন তা জানে না এলাকার প্রতিনিধিসহ এলাকাসী।

সদর উপজেলার ৪নং হলিধানী ইউনিয়নের রতনপুর গ্রামের ইছাহাক আলীর বড় ছেলে হাবিবুর রহমান। তার পিতার রয়েছে চার রুমের ফ্লাট বাড়ি। তার পরেও দুর্যোগপূর্ণ আশ্রায়ন প্রকল্পের ঘর পেতে যাচ্ছেন তিনি। এবিষয়ে জনমনে ব্যাপক কৌতুহল সৃষ্ঠি হয়েছে।

ঘটনার সরেজমিনে গিয়ে দেখাযায়, ইছাহাক আলীর ছেলে হাবিবুর চারবছর আগে বিবাহ করে কুমড়াবাড়ীয়া ইউনিয়নে শ্বশুরবাড়িতে বসবাস করে আসছে। ঘর পাবার কথা শুনে পনেরদিন আগে শালিয়া মৌজার ১০৬৬ নাম্বার দাগের বারশতক জমির উপর একচালা টুকরি ঘর নির্মান করেছে। যেখানে কাওকে বসবাস করতে দেখা যায়নি।

এবিষয়ে একই গ্রামের রবিউল ইসলাম (রবি) জানান, ইছাহাক আলীর একটি ফ্লাটবাড়িসহ প্রায় তিন বিঘা জমি আছে এবং সে পারিবারিক ভাবে স্বচ্ছল। তার এই ঘর পাবার কথা শুনে আমরা হতভম্ব হয়ে গেছি।

গ্রামে অনেক দুস্থ ও অসহায় পরিবার আছে। তাদেরও ঘরের তালিকা পাঠানো হয়েছে উপজেলা ইউএনও অফিসে, সেই তালিকা থেকেও কোন দুস্থ ও গরীবের নাম আসেনি। সে কিভাবে ঘর পেলো আমরা বলতে পারবো না। শুধু এতটুকু বলতে পারি তাদের মত স্বচ্ছল পরিবারের ঘর পাওয়া কাম্য নয়।

হাবিবুরের পিতা ইছাহাক আলী জানান, তার ছেলে দীর্ঘদিন যাবৎ শশুরবাড়িতে থাকতো। সেখান থেকেই তার শশুরের মাধ্যমে উপজেলা অফিসে যোগাযোগ করে এই বাড়ির অনুমোদন পেয়েছে।

এবিষয়ে হাবিবুর জানান, আমি শশুরের সাথে গভীর নলকুপ স্থাপনের কাজ করি। আমার শশুর ঝিনাইদহ সদর উপজেলা অফিসের অফিসারদের সাথে যোগাযোগ করে পাঁচ হাজার টাকার বিনিময়ে এই ঘরের অনুমোদন করিয়ে দেয়।

হলিধানী ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জানান, এই ঘর কোথা থেকে কিভাবে পেলো আমি এর কিছুই জানি না। আমরা ইউনিয়নের যে গরীব ও দুস্থদের ঘরের তালিকা দিয়েছি সেই তালিকাতেও তার কোন নাম নেয়।

এবিষয়ে ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার জানান, আমি যোগদানের পর থেকে কোন প্রকল্পের ঘরের কাজ এখনো শুরু হয়নি। এই ঘরটি কিভাবে অনুমোদন পেয়েছে আমি বিষয়টি দেখছি।

মেপ্র/ইএম

হরিণাকুন্ডুতে সাপের কামড়ে কৃষকের মৃ*ত্যু

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে সাপের কামড়ে এক কৃষকের মৃ*ত্যু হয়েছে।

শুক্রবার উপজেলার হামিরহাটি গ্রামে আক্কাচ উদ্দিন (৪২) নামের ওই কৃষকের মৃ*ত্যু হয়। নিহত আক্কাচ উদ্দিন গ্রামের নুরুল উদ্দিনের ছেলে।

নিহতের ভাতিজা সাদ্দাম হোসেন জানান, তার চাচা সকালে বাড়ির পাশে মাঠে মাটি কাটছিলেন। এ সময় একটি সাপ গর্ত থেকে বের হয়। তখন আক্কাচ উদ্দিন সাপটি ধরে হাঁড়িতে ঢুকাতে গেলে কামড় দেয়। সঙ্গে সঙ্গে মাঠের কৃষকরা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান।

ঝিনাইদহ সদর হাসপাতালের চিকিৎসক রুবিনা খাতুন বলেন, সকালে ভর্তি করার পর চিকিৎসা চলাকালীন অবস্থায় স্বজনরা তাকে বাড়িতে নিয়ে যান। দুপুরে ফের হাসপাতালে আনার পর তার মৃ*ত্যু হয়।

মেপ্র/ আরপি